

“আত্মকর্মে যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৪৭.০৩ - ৪০৪

তারিখঃ ২২-১০-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ আত্মসাতকৃত টাকার প্রাপ্য সার্ভিস চার্জ নির্ধারণ ও আদায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান উলিপুর উপজেলা হতে ১৫/১২/২০১৫ হতে ০৫/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত অর্থ আত্মসাত করেন-

নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	রাজস্বখাতের ঋণ কর্মসূচির অর্থ চেকের মাধ্যমে নিজ নামে উত্তোলন করে আত্মসাত	৯৭৫০০.০০
০২.	উত্তরবঙ্গ প্রকল্পের ঋণ কর্মসূচির অর্থ চেকের মাধ্যমে নিজ নামে উত্তোলন করে আত্মসাত	৭০০০০০.০০
০৩.	ইমপ্যাক্ট প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের সাবসিডি অর্থ	১৫০০০০.০০
	মোট =	৯৪৭৫০০.০০

০২। উপরোক্ত অর্থ আত্মসাতের জন্য তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু হয় এবং প্রয়োজনীয় প্রক্রিয়া শেষে মামলার রায় প্রদান করা হয়েছে। মামলার রায়ে জানা যায়, তিনি আত্মসাতকৃত ৯,৪৭,৫০০/- টাকার মধ্যে ৮,৫০,০০০/- টাকা জমা প্রদান করেন। আত্মসাতকৃত টাকার মধ্যে ৭,৯৭,৫০০/- উপজেলার ঋণ তহবিলের অর্থ যা জমাদানের তারিখ পর্যন্ত প্রাপ্য সার্ভিস চার্জ আদায় আবশ্যিক হলেও আত্মসাতকৃত উক্ত টাকার জমাদানের তারিখ পর্যন্ত প্রাপ্য সার্ভিস চার্জ নির্ধারণ করা হয়নি এবং আদায় করা হয়নি।

০৩। বর্ণিত অবস্থায়, আগামী ৩০/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আত্মসাতকৃত টাকার জমাদানের তারিখ পর্যন্ত প্রাপ্য সার্ভিস চার্জ নির্ধারণ করে তা আদায় করতঃ নির্ধারিত হিসাবে জমা প্রদান করে প্রমাণক প্রধান কার্যালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)
ফোন : ৯৫১৫০১৯।

উপ পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
কুড়িগ্রাম।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৪৭.০৩

তারিখঃ ----- খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ০১। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। অফিস কপি/গার্ড নথি।

(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)